গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moefcc.gov.bd

স্মারক নং- ২২.০০.০০০০.০০০.০৫২.৩১.০০০২.২৫/০৭

তারিখ: ২০ পৌষ ১৪৩২
০৪ জানুয়ারি ২০২৬

# বিজ্ঞপ্তি

বিষয়: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে ৬ (ছয়) মাস মেয়াদে ইন্টার্নশিপে অংশগ্রহণ।

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের ১০ আগস্ট ২০২৫ তারিখের ২২.০০.০০০০.০০০.০৫২.৩১.০০০২.২৫-৩৮৯ সংখ্যক স্মারকে জারিকৃত ইন্টার্নশিপ আহ্বান বিজ্ঞপ্তি অনুযায়ী গত ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখের লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফল, ইন্টার্নশিপ বাছাই কমিটির সুপারিশ এবং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ এর আওতায় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ে ৬ (ছয়) মাস মেয়াদে ইন্টার্নশিপে অংশগ্রহণের নিমিত্ত অপেক্ষমান তালিকা হতে নিম্নবর্ণিত ০৪ (চার) জন আবেদনকারীকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে চূড়ান্তভাবে নির্বাচন করা হলো:

| ক্রম | প্রার্থীর নাম ও পিতার নাম | স্থায়ী ঠিকানা | মোবাইল নম্বর ও ই-মেইল ঠিকানা |
|---|---|---|---|
| ০১. | তাসনিম বিনত এবিন<br>পিতা: এস, এম সামসুল আলম | গ্রাম: হারামিয়া, পোস্ট: বক্তার হাট,<br>উপজেলা: সন্দীপ, জেলা: চট্টগ্রাম | 01836063404<br>tasnimbinabin@gmail.com |
| ০২. | রাবেয়া বিনতে আবদুল্লাহ<br>পিতা: মো: আবু আবদুল্লাহ | গ্রাম: ও পোস্ট: সুলতানপুর,<br>উপজেলা: সদর, জেলা: ব্রাহ্মণবাড়িয়া | 01723779944<br>shochiabdullah@gmail.com |
| ০৩. | ফারজানা আক্তার<br>পিতা: মো: আব্দুর রহিম | গ্রাম: ও পোস্ট: ঘুরচাকাঠী,<br>উপজেলা: বাউফল, জেলা: পটুয়াখালী | 01708924521<br>farzanasarna.2552@gmail.com |
| ০৪. | ফাওজিয়া জামান<br>পিতা: জামাল উদ্দিন আহমেদ | গ্রাম: মেহেদিবাগ, পোস্ট: চকবাজার,<br>উপজেলা: চট্টগ্রাম সদর, জেলা: চট্টগ্রাম | 01883137837<br>fouziazaman16@gmail.com |

০২। **নির্দেশনা ও শর্তাবলি:**

(ক) ইন্টার্নশিপে যোগদানের তারিখ হতে পরবর্তী ০৬ (ছয়) মাসের জন্য এ নিয়োগ প্রদান করা হবে;

(খ) ইন্টার্নশিপ চলাকালীন প্রতিমাসে ১০,০০০/- (দশ হাজার) টাকা হারে 'ইন্টার্নশিপ ভাতা' প্রদান করা হবে; 'ইন্টার্নশিপ ভাতা' ব্যতীত অন্য কোনো ভাতা/সুবিধা প্রদান করা হবে না;

(গ) যোগদানের সময় সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদের সত্যায়িত কপি জমা প্রদান করতে হবে;

(ঘ) ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিপত্র সম্পাদন করতে হবে;

(ঙ) কোনো কর্মে নিয়োজিত থাকলে কর্তৃপক্ষের অনাপত্তি সনদ দাখিল করতে হবে;

(চ) ইন্টার্নশিপ নীতিমালা অনুযায়ী নির্বাচিত প্রার্থীগণকে অঙ্গীকারনামা ও ঘোষণাপত্র স্বাক্ষর করতে হবে;

(ছ) যোগদানের সময় দাখিলকৃত কোনো সনদপত্র/তথ্যাদি পরবর্তীতে অসত্য প্রমাণিত হলে কোনো কারণ দর্শানো ব্যতীত নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;

(জ) এই বিজ্ঞপ্তিতে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে তার ইন্টার্নী সংক্রান্ত বিষয়ে ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৩ অনুযায়ী প্রযোজ্য হবে;

(ঝ) যোগদানের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা কিংবা অবস্থান ভাতা প্রদান করা হবে না; এবং

(ঞ) **যোগদানের জন্য নির্বাচিত প্রার্থীগণকে পৃথক কোন নিয়োগপত্র ইস্যু করা হবে না।**

(চলমান পাতা: ০১/০২)

০৩। উল্লিখিত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীগণকে ইন্টার্নশিপে অংশগ্রহণের নিমিত্ত আগামী ০৫ জানুয়ারি ২০২৬ তারিখ পূর্বাহ্নে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (ভবন # ৬, ১৪ তলা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

০৪.০১.২০২৬

মিল্টন চন্দ্র রায়
সিনিয়র সহকারী সচিব
ও
সদস্য সচিব, ইন্টার্নশিপ বাছাই কমিটি
☎: ৫৫১০০২৫৭
E-mail: admin2@moef.gov.bd

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. অতিরিক্ত সচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. যুগ্মসচিব (সকল), পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. উপসচিব, সচিবালয় নিরাপত্তা শাখা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (**বর্ণিত ইন্টার্নদেরকে সচিবালয়ে প্রবেশের অস্থায়ী পাশ ইস্যু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ**)।
০৫. সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৬. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০৭. সিস্টেম এনালিস্ট, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৮. সহকারী সচিব, প্রশাসন-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, ঢাকা।
০৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. জনাব/বেগম ..........................................................................।
১১. অফিস কপি।